

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২২৪৯

২২/ নিষিদ্ধ কার্যাবলী

পরিচ্ছেদঃ দুর্নীতি, অন্যায়-অত্যাচার করা হারাম এবং অন্যায়ভাবে নেওয়া জিনিস ফেরৎ দেওয়া জরুরী

আরবী

وعَن عُمَرَ بِنِ الْخَطَّابِ قَالَ: لَمَّا كَانَ يَوْمُ خَيبَر أَقْبَلَ نَفَرٌ مِنْ أَصْحَابِ النَّبِيِّ عَلَيْ فَقَالَ النَّبِيُّ فَقَالَ النَّبِيُّ فَقَالَ النَّبِيُّ فَقَالَ النَّبِيُّ فَقَالَ النَّبِيُّ فَقَالَ النَّبِيُّ كَلاَّ، إِنِّي رَأَيْتُهُ فِي النَّارِ فِي بُرْدَةٍ غَلَّهَا أَوْ عَبَاءة رواه مسلم

বাংলা

(২২৪৯) উমার ইবনে খাত্বাব (রাঃ) বলেন, যখন খাইবারের যুদ্ধ হল, তখন রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কিছু সাহাবী এসে বললেন, অমুক অমুক শহীদ হয়েছে। অতঃপর তাঁরা একটি লোকের পাশ দিয়ে অতিক্রম করলেন এবং বললেন, অমুক শহীদ। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, 'কখনোই না। সে (গনীমতের) মাল থেকে একটি চাদর অথবা আংরাখা (বুকখোলা লম্বা ও ঢিলা জামা) চুরি করেছিল, সে জন্য আমি তাকে জাহান্নামে দেখলাম।

ফুটনোট

(মুসলিম ৩২৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ উমর ইবনূল খাত্তাব (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন